# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু ও জানাযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মসজিদের এরিয়ার ভিতরে কোন বুযূর্গকে দাফন করা কি বৈধ?

না। মসজিদের এরিয়ার ভিতরে কবর দেওয়া বৈধ নয়, বৈধ নয় কবরের উপর মসজিদ নির্মাণ করা। আল্লাহ্‌র রাসূল (সঃ) মৃত্যুশয্যায় বলে গেছেন, “আল্লাহ ইয়াহুদী ও খ্রিস্টানদেরকে অভিশাপ (ও ধ্বংস) করুন। কারণ তারা তাদের নবীগণের কবরসমূহকে মসজিদ (সিজদা ও নামাযের স্থান) বানিয়ে নিয়েছে।” ৪৭৯ (বুখারী, মুসলিম ৫২৯ নং, নাসাঈ)
‘সাবধান! তোমরা কবরগুলোকে মসজিদ বানিয়ে নিয়ো না। এরূপ করতে আমি তোমাদেরকে নিষেধ করছি।’ ৪৮০ (মুসলিম ৫৩২ নং)

যেহেতু এ কাজ শিরকের ছিদ্রপথ, সেহেতু তাতে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। আর মহান আল্লাহ বলেছেন, “আর এই যে, মসজিদসমূহ আল্লাহরই জন্য। সুতরাং আল্লহর সাথে তোমরা অন্য কাউকেও ডেকো না।” (জ্বিনঃ ১৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন